

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৪৯০

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮

৩১ মার্চ ২০২২

বিষয়: বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন পূর্ব দাওকাঠি মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত ০৭জন শিক্ষক-কর্মচারীর বিদ্যমান এমপিও শিটে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১)USEO, বাকেরগঞ্জ, বরিশাল এর স্মারক নং-উমাশিকা/বরি-বাকেরগঞ্জ/২০২২/৫২; তাং:২৫/০১/২০২২

(০২)তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০২৪.২০-৬০৩; তাং:০৬/০৩/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন পূর্ব দাওকাঠি মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত ০৭ জন শিক্ষক/কর্মচারীর বিদ্যমান এমপিও শিটে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে USEO, বাকেরগঞ্জ, বরিশাল এর মাধ্যমে বর্ণিত মাদ্রাসার সুপারের আবেদন অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। উল্লিখিত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে যাচাই-বাছাই ও তদন্তপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত প্রদানপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী), মাশিঅ এর সম্মুখে গঠিত কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনে মতামত নিম্নরূপ:

MPO শীটে উল্লেখিত শিক্ষক-কর্মচারীর পদবী ও বিষয় নির্ধারণপূর্বক শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল করেছেন যা মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক রেজুলেশনে সুপারিশকৃত। সকল শিক্ষক কর্মচারীর স্বাক্ষরযুক্ত বেতন বিবরণী দাখিল করেছেন। শিক্ষক-কর্মচারীর একাডেমিক সনদ অনুযায়ী স্বাক্ষরযুক্ত বর্ণিত শিক্ষক-কর্মচারীর পদবী ও বিষয় নির্ধারণ সঠিক রয়েছে। এমতাবস্থায় বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন পূর্ব দাওকাঠি মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসার নিম্নোক্ত ছকে ক্রমিক নং ০১, ০২, ০৩, ০৪, ০৫, ০৬, ০৭ এ বর্ণিত শিক্ষক-কর্মচারীর এমপিও শীটে প্রার্থিত পদবী সংযোজনের সুপারিশ করা হলো।

০৩। তদন্ত কমিটির প্রতিবেদনের মতামত, USEO, বাকেরগঞ্জ, বরিশাল এর সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকারপ্রার্থী/সুপারের দাখিলকৃত ডকুমেন্টস এর ভিত্তিতে বিদ্যমান এমপিওশীটের নিম্নে বর্ণিত শিক্ষক/কর্মচারীর পদবী ও বিষয় নিম্নরূপে নির্ধারণ করা হলোঃ-

ক্রম:	নাম ও ইনডেক্স	এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয়	কমিটির সুপারিশমতে		মন্তব্য
			পদবী	বিষয়	
০১	MD MOSTAFIZUR RAHMAN, B360113	পদবী-PR	A. SUP	প্রয়োজ্য নয়	সংশোধনযোগ্য
০২	ABDUS SABUR, B362481	নাই	AM	প্রয়োজ্য নয়	সংশোধনযোগ্য
০৩	FARHANA AFROJ, B580148	নাই	AM	প্রয়োজ্য নয়	সংশোধনযোগ্য
০৪	MD BAZLUR RAHAMAN, B350085	নাই	EB-M	প্রয়োজ্য নয়	সংশোধনযোগ্য
০৫	Md ABDUR RAZZAK, N2115582	নাই	OA-CO	প্রয়োজ্য নয়	সংশোধনযোগ্য
০৬	ABDUS SATTAR HAWLADER, B373363	নাই	N-GUARD	প্রয়োজ্য নয়	সংশোধনযোগ্য
০৭	MD HUMAIUN KABIR, B2029427	নাই	CLEANER	প্রয়োজ্য নয়	সংশোধনযোগ্য

০৪। এমতাবস্থায়, USEO, বাকেরগঞ্জ, বরিশাল এর সুপারিশসহ অগ্রায়ণ, প্রতিকার প্রার্থীগণের আবেদন, ম্যানেজিং কমিটির সুপারিশ, পদবী-বিষয় উল্লেখ পূর্বক সকল শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরযুক্ত শীট, বিদ্যমান এমপিও শীট পর্যালোচনা এবং তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উপরিউক্ত ছকে বর্ণিত ০৭ জন শিক্ষক-কর্মচারীর পদবী ও বিষয় বিদ্যমান এমপিও শীটে সংশোধন/সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্যও অনুরোধ করা হলো।

শর্তসমূহ: ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা দায়ী থাকবে।

২। সরকারের অর্ধের কোন প্রকার অপচয়/তহরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, মাদ্রাসা উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। উপরিউক্ত ছকে বর্ণিত ক্রমিক নং-০১ হতে ০৭ এর পদবী ও বিষয় পরিবর্তন/সংশোধন/সংশোধন হলে প্রতিকার প্রার্থীগণকোনরূপ বকেয়া দাবী করতে পারবে না।

৪। এতদসংক্রান্ত দাখিলকৃত নিয়োগ/সনদ/প্রাপ্যতা ও অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে প্রতিকারপ্রার্থী সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদি ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবে না।

সংযুক্তি: ১। তদন্ত প্রতিবেদন।

২। পদবী-বিষয় উল্লেখ পূর্বক সকল শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরযুক্ত শীট।

৩। মাদ্রাসার সুপারের আবেদন/অগ্রায়ণ।



৩১-৩-২০২২

কে. এম. রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ফ্যাক্স: .

ইমেইল: dg@dme.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৪৯০/১(৬)

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল
- ৫) সভাপতি/সুপার, প্রতিকার প্রার্থী, পূর্ব দাওকাঠি মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

Ummul Mah.

৩১-৩-২০২২

জান্নাতুন নাহার

সহকারী পরিচালক